

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 29-12-2025**

**me: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) সহজে ব্যবসার অনুকূল পরিবেশ তৈরির জন্য রাজ্যগুলিকে অগ্রণী ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
- ২) প্রধানমন্ত্রী বলেছেন, যুব শক্তির কারণে সমগ্র বিশ্ব ভারতের দিকে বিপুল প্রত্যাশা নিয়ে তাকিয়ে আছে।
- ৩) সাংগঠনিক বৈঠক সহ এক গুচ্ছ কর্মসূচী নিয়ে আজ রাজ্যে আসছেন বিজেপির শীর্ষ নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।
- ৪) এস আই আর-এর শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আগামীকাল রাজ্যে আসছে।
- ৫) বাংলার দুর্গোৎসবের সঙ্গে জড়িত শিল্প, সংস্কৃতি এবং ঐতিহ্যকে দেশ-বিদেশের মানুষের সামনে তুলে ধরতে আজ নিউটাউনে দৃগ্জঙ্গলের শিলান্যাস করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।
- ৬) রাজ্যের প্রায় সর্বাত্মক শীতের আমেজ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহজে ব্যবসার অনুকূল পরিবেশ তৈরীর জন্য রাজ্যগুলিকে অগ্রণী ভূমিকা নেবার আহ্বান জানিয়েছেন। গতকাল নতুন দিনিতে মুখ্য সচিবদের জাতীয় সম্মেলনের শেষ দিনে ভাষণে শ্রী মোদী বলেন, বিশ্বমানের কোম্পানীগুলিকে বিনিয়োগে উৎসাহী করতে রাজ্যগুলিকে উন্নত পরিকাঠামো গড়ে তুলতে হবে। তিনি দিনের সম্মেলনের ভবনা ছিল, বিকশিত ভারতের জন্য মানব সম্পদ। ভারতের বৃহৎ জনসংখ্যার সুবিধার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দেশের ৭০ শতাংশের বেশি মানুষ বয়সে শ্রমের উপযুক্ত। এই মানব সম্পদকে ব্যবহার করে ভারত ঐতিহাসিক সুবিধা তৈরি করতে পারবে। পাশাপাশি ভারত অর্থনৈতিক অগ্রগতির সঙ্গে বিকশিত ভারত গঠনের লক্ষ্যে এগিয়ে যেতে পারবে বলে জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের যুবশক্তির কারনেই সমগ্র বিশ্ব ভারতের দিকে অত্যন্ত আশার দৃষ্টিতে তাকিয়ে আছে। গতকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, আগামী মাসের ১২ তারিখ স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষে 'জাতীয় যুব দিবস' উদযাপন করা হবে। এদিনেই 'ইয়ং লিডার্স ডায়ালগ' এরও আয়োজন করা হবে।

(বাইট - যুব দিবস)

প্রধানমন্ত্রী, এন্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহারের বিষয়ে দেশবাসীকে সতর্ক করে দিয়েছেন। তিনি বলেন, ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ আইসিএমআর-এর সাম্প্রতিক কয়েকটি রিপোর্টে দেখা গেছে, নিউমোনিয়া এবং ইউটিআই এর মত সমস্যার ক্ষেত্রে অনেক সময় অ্যান্টিবায়োটিক কার্যকর হচ্ছে না।

বন্দে মাতরম এর সার্ধশততম বর্ষে উদ্বীপনা ও উৎসাহ দেখানোর জন্য প্রধানমন্ত্রী জনগণের প্রশংসা করেন। তিনি

জনগণকে '#VandeMataram150' হ্যাশট্যাগ ব্যবহার করে তাদের বার্তা ও পরামর্শ পাঠানোর অনুরোধ করেছিলেন এবং এই প্রচারাভিযানে দেশবাসী অংশগ্রহণ করায় তিনি আনন্দ প্রকাশ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিউটাউনের রাজারহাট গোপালপুর তিন নম্বর মন্ডলে উদয়নপল্লী এলাকায় বিজেপি নেতা কর্মী ও স্থানীয়দের সঙ্গে মন কি বাত শোনেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। সুকান্তবাবু বলেন, দেশের সমস্যা নিরসনে দেশের যুব সম্প্রদায় এগিয়ে এসেছে।

(বাইট - সুকান্ত)

পূর্ব মেদিনীপুরের নদীগ্রামে ১৬৩ নম্বর বুথে স্থানীয় বাসিন্দারা একত্রে বসে প্রধানমন্ত্রীর মন কি বাত শোনেন। উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

আলিপুরদুয়ারে গতকাল প্রধানমন্ত্রীর মন কি বাত শোনেন সাংসদ মনোজ টিথা। পরে সাংবাদিকদের কাছে তিনি বলেন, বিকশিত ভারত জি রাম জী আইন দেশের উন্নয়নে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই আইনের ফলে জবকার্ডধারীরা আরও বেশি দিন কাজ পাবে।

নদীয়ার কৃষ্ণনগরে বিজেপি কিষাণ মোচার উদ্যোগে প্রধানমন্ত্রীর মন কি বাত শোনানো হয়। প্রায় ৫০০ জন কৃষক সেখানে উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সাংগঠনিক বৈঠক সহ একগুচ্ছ কর্মসূচিতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন অন্যতম শীর্ষ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। আগামীকাল এবং বৃদ্ধবাবু রাজ্য বিজেপির পদাধিকারীদের সঙ্গে একগুচ্ছ সাংগঠনিক বৈঠক করবেন

তিনি। ভোটমুখী পশ্চিমবঙ্গে দলীয় রণকৌশল নিয়ে আলোচনা হবে বলে মনে করা হচ্ছে। রাজ্য বিজেপি সূত্রে খবর, আজ সন্ধ্যায় কলকাতা পৌঁছে বিধাননগরে সংক্ষিপ্ত বৈঠক সেরে শ্রী শাহ রওনা দেবেন হোটেলের উদ্দেশে। মঙ্গলবার বিধাননগরে বেলা ১২টা নাগাদ একটি সাংগঠনিক বৈঠক করার কথা রয়েছে তাঁর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আগামীকাল এরাজ্যে আসছেন। দলে রয়েছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিন্সিপাল সেক্রেটারি S B জোশী, আন্ডার সেক্রেটারি অভিনব আগরওয়াল। প্রতিনিধি দলটি শুনানি পর্ব নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল-এর সঙ্গে বৈঠক করবেন। পরদিন ৩১শে ডিসেম্বর প্রতিনিধি দলটি দিল্লি ফিরে যাবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য এসআইআর প্রক্রিয়ায় সর্বাধিক গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ আগামী ২৫ শে জানুয়ারি জাতীয় ভোটার দিবসের অনুষ্ঠানে নির্বাচন কমিশন বুথ লেভেল আধিকারিকদের পুরস্কৃত করবে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, প্রত্যেক বুথ লেভেল আধিকারিককে একটি শংসাপত্র দেওয়া হবে। এই বিষয়ে ইতিমধ্যে ইআরওদের নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, এবার জাতীয় ভোটার দিবসের অনুষ্ঠানও হবে বিএলও কেন্দ্রিক।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশি কিংবা রোহিঙ্গা চিহ্নিত করার দায়িত্ব নির্বাচন কমিশনের নয়, বরং সাংবিধানিক সংস্থা হিসাবে SIR প্রক্রিয়ার মাধ্যমে ভোটার তালিকা নির্ভূল রাখার কাজ তারা করছে বলে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন।

(বাইট - শমিক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ক্লাসরুম থেকে এক বিএলও-র ঝুলন্ত দেহ উদ্বারের ঘটনায় বাঁকুড়ার রানীবাঁধের রাজাকাটা এলাকায় গতকাল তীব্র চাপ্পল্য ছড়িয়েছে। মৃত হারাধন মণ্ডল রাজাকাটা মাঝপাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসাবে কর্মরত ছিলেন। SIR এর কাজের জন্য তিনি বুথ লেভেল অফিসার (BLO) হিসেবেও দায়িত্ব ছিলেন। প্রাথমিক তদন্তে আত্মহত্যার অনুমান করা হচ্ছে। স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল সকালে ভোটার শুনানির নথিপত্র সংগ্রহের কথা বলে বাড়ি থেকে বের হন হারাধন মণ্ডল। দীর্ঘ সময় কোনো খোঁজ না মেলায় পরিবারের সদস্যরা স্কুলে যান। সেখানেই একটি ক্লাসরুমের সিলিং ফ্যানে ঝুলন্ত অবস্থায় তাঁর দেহ দেখতে পান তাঁরা। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্বার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। পুলিশ সূত্রে জানা গেছে, ঘটনাস্থল থেকে একটি সুইসাইড নোট উদ্বার হয়েছে। ওই নোটে বিএলও হিসেবে দায়িত্ব পালনের অতিরিক্ত কাজের চাপের কথা উল্লেখ রয়েছে। এসআইআর সংক্রান্ত কাজের প্রচণ্ড চাপের কারণে বেশ কিছুদিন ধরে তিনি মানসিক অবসাদে ভুগছিলেন বলেও পরিবারের দাবি।

ভোটকর্মী ও BLO এক্য মঞ্চে এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মণ্ডল গতকাল বলেন, নির্বাচন কমিশন বার বার সিদ্ধান্ত পরিবর্তন করায় কর্মীদের উপর চাপ বাড়ছে। এটা বন্ধ হওয়া দরকার বলে উল্লেখ করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলার ঐতিহ্যবাহী দুর্গোৎসবের সঙ্গে জড়িত শিল্প, সংস্কৃতি ও ঐতিহ্যকে বছরভর দেশ বিদেশের মানুষের সঙ্গে তুলে ধরতে আজ নিউটাউনে দুর্গাপুজনের শিলান্যাস করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। শিলান্যাস ও ভিতপুজোর পরই শুরু হয়ে যাবে নির্মাণের কাজ। তিনি বছর আগে কলকাতার দুর্গাপুজো ইউনেস্কোর 'ওয়ার্ল্ড ইনট্যান্জিবল হেরিটেজ' তকমা পাওয়ার পরই রাজ্য সরকারের তরফে দুর্গাপুজোর

ঐতিহ্যকে বছরভর তুলে ধরার একটি স্থায়ী পরিকাঠামো তৈরির পরিকল্পনা করা হয়। চলতি বছরের ২১শে জুলাই নিউটাউনে দুর্গাঙ্গন গড়ে তোলার ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, নিউটাউনের ইকো পার্ক এর উল্টো দিকে প্রায় ১৫ একর জমির উপর এই প্রকল্প গড়ে তোলা হবে। মোট ব্যয় ধরা হয়েছে প্রায় ২৬১ কোটি ৯৯ লক্ষ টাকা। প্রকল্প বাস্তবায়নের দায়িত্বও থাকছে হিডকোর হাতেই।

oooooooooooooooooooooooooooo

২০২৫ এর শেষ লগ্নে এসে পৌঁছেছি আমরা। এবছর জাতীয় নিরাপত্তার প্রশ্নে ভারত বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। যে কোন মূল্যে দেশ তার সার্বভৌমত্ব রক্ষা করতে প্রস্তুত, বছরের শুরু থেকেই এই বার্তা দিয়েছে ভারত। একটি প্রতিবেদন -

## (ভয়েসকাস্ট - কাশফিন)

বহিক্ষ্ট তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবিরের নিরাপত্তারক্ষী পুলিশকর্মীকে মারধরের অভিযোগে তার পুত্র গোলাম নবি আজাদ ওরফে রবীনকে গতকাল প্রায় ৭ ঘন্টা জিজ্ঞাসাবাদ করর পুলিশ। নিরাপত্তা কর্মীর অভিযোগের ভিত্তিতে শক্তিনগর থানার পুলিশ বেলডাঙ্গা দুই নম্বর পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ রবীনকে বাড়ি থেকে নিয়ে যায়। জিজ্ঞাসাবাদের পর ছেড়ে দেওয়া হলেও হুমায়ুন ও তাঁর পুত্রের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছে পুলিশ।

oooooooooooooooooooo

বাঁকুড়ার বিষ্ণুপুর মেলায় অভিনেতা জিতের অনুষ্ঠানকে কেন্দ্র করে ব্যাপক গভর্নেলের খবর মিলেছে। অনুষ্ঠান দেখতে প্রচুর মানুষ ভীড় করলেও পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা ছিল না বলে অভিযোগ। রাত সাড়ে ৮-টা নাগাদ অভিনেতা ও তার সহশিল্পীরা মধ্যে উঠতে কাতারে কাতারে মানুষ মধ্যের কাছাকাছি যাবার চেষ্টা করে। উত্তেজিত দর্শকদের একাংশ মধ্যের সামনে থাকা একাধিক ব্যারিকেড ভেঙে ফেলেন।

গুঁড়িয়ে দেওয়া হয় কয়েকশো চেয়ার। পরিস্থিতি সামলানোর জন্য পুলিশ লাঠি চার্জ করে বলে জানা গেছে। অন্নবিস্তর আহত হয়েছেন অনেকেই।

যদিও লাঠিচার্জের অভিযোগ অস্বীকার করেছে পুলিশ, বিষুপুরের এসডিপিও - সুপ্রকাশ দাস বলেন, সুপরিকল্পিতভাবে গুজব ছড়ানো হচ্ছে। সব মিলিয়ে বিশৃঙ্খলার অভিযোগে ২০ জনকে গ্রেফতার করা হয়েছে বলে তিনি জানায়।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের প্রায় সর্বত্রই তাপমাত্রা বেশ কিছুটা কম থাকার সম্ভাবনা রয়েছে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৩.৫ ডিগ্রি সেলসিয়াস যা প্রায় স্বাভাবিক। সর্বোচ্চ তাপমাত্রা ২২ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা। পশ্চিমী ঝঁঝার কারণে ৩১ তারিখ থেকে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে এবং উত্তরবঙ্গের দার্জিলিং ও কালিম্পং জেলায় ৩১ থেকে ২ তারিখের মধ্যে হালকা বৃষ্টি বা তুষারপাতের সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের কালিম্পং আলিপুরদুয়ার দক্ষিণ দিনাজপুর জলপাইগুড়ি, কোচবিহার মালদা উত্তর দিনাজপুর এবং দক্ষিণবঙ্গের বেশীরভাগ জেলাতেই মাঝারি থেকে ঘন কুয়াশার সম্ভাবনা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০